# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৩

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الفصل الثانی

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْمُسْلِمُ مَنْ سَلِمَ الْمُسْلِمُونَ مِنْ لِسَانِهِ وَيَدِهِ وَالْمُؤْمِنُ مَنْ أَمِنَهُ النَّاسُ عَلَى دِمَائِهِمْ وَأَمْوَالِهِمْ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ

বাংলা

৩৩-[৩২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সেই ব্যক্তি মুসলিম যার হাত ও মুখ হতে অপর মুসলিম নিরাপদ থাকে। আর (প্রকৃত ও পরিপূর্ণ) মু’মিন সে ব্যক্তি যার থেকে মানুষ নিজের জীবন ও সম্পদকে সম্পূর্ণ নিরাপদ বলে মনে করে। (তিরমিযী ও নাসায়ী)[1]

## English

Chapter - Section 2

Abu Huraira reported that God’s messenger said, “The Muslim is he from whose tongue and hand the Muslims are safe; and the believer is he whom men trust with their lives and their property.”

'Tirmidhi and Nasa’i transmitted it.

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ২৬২৭, নাসায়ী ৪৯৯৫, সহীহুল জামি‘ ৬৭১০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: পূর্ণাঙ্গ মু’মিন সেই যার মধ্যে আমানাতদারী, ন্যায়পরায়ণতা ও সত্যবাদিতা প্রকাশ পায়। যার ফলে তার ব্যাপারে মানুষের এ আশংকা থাকে না যে, সে তাদের মাল বিনষ্ট করবে। রক্তপাত ঘটাবে বা তাদের স্ত্রীদের প্রতি হাত বাড়াবে। এ গুণ অর্জন ছাড়া ঈমানের মধ্যে পরিপূর্ণতা আসে না। এ গুণ অর্জন না করে কেউ পূর্ণ মু’মিনও হতে পারে না। তবে এর দ্বারা এটা উদ্দেশ্য নয় যে, এ গুণ অর্জিত হলেই সে পূর্ণ মু’মিন হয়ে যাবে যদিও সে সালাত (সালাত/নামায/নামাজ) পরিত্যাগ করে বা অনুরূপ কোন ফরয ‘ইবাদাত পালন করা থেকে বিরত থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54591

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন